

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কাউকে দেখা করতে যাওয়ার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সাক্ষাতে মধ্যমপন্থা অবলম্বন করা

কোন ওস্তায, বন্ধু বা দ্বীনী ভাইকে সাক্ষাৎ করতে মধ্যবর্তী পন্থা অবলম্বন করুন। অবহেলা ও অতিরঞ্জন বর্জন করে মাঝে মাঝে তার যিয়ারত করুন। যাতে আপনাদের মাঝে মহববত বৃদ্ধি পায় এবং কারো মনে বিরক্তি সঞ্চার না হয়।

রাসুল (ﷺ) বলেন, "(প্রত্যেক দিন সাক্ষাৎ না করে) একদিন বাদ প্রদিন সাক্ষাৎ কর। তাতে ভালোবাসা বৃদ্ধি পাবে।"[1]

ফুটনোট

[1]. বাযযার, ত্বাবারানী, হাকেম, ইবনে হিববান, সহীহুল জা'মে হা/৩৫৬৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=8012

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন